

সিটিজেন চার্টার

সকল প্রকার শুমারী পরিচালনা করা (আদমশুমারী, কৃষি শুমারী, অর্থনৈতিক শুমারী ইত্যাদি)।

কৃষি সংক্রান্ত যাবতীয় তথ্য (স্থায়ী ও অস্থায়ী ফসল) সংগ্রহ পূর্বক হেড অফিসে প্রেরণ করা। (৬ টি প্রধান ফসল ও ১০৫ টি অপ্রধান ফসল)।

প্রধান প্রধান ফসল ধান, পাট, গম, আলু ইত্যাদির মোট আয়তন এবং কর্তন পূর্বক মোট উৎপাদন নিরূপন করা। দাগগুচ্ছ হইতে বিভিন্ন উপাত্ত সংগ্রহ করা। (৩২ টি দাগগুচ্ছ)।

সেম্পল ভাইটাল রেজিস্ট্রেশন সিস্টেম (এসভিআরএস) এর আওতায় জন্ম-মৃত্যু, বিবাহ, তালাক, আগমন ও বহির্গমন ইত্যাদি পরিসংখ্যান সংগ্রহ করা।

খানার আয়-ব্যয় জরিপের মাধ্যমে পরিবার সমূহের অর্থনৈতিক অবস্থা, দারিদ্রতা ইত্যাদি পরিমাপ করা।

এম আই সি এস জরিপের মাধ্যমে শিশু মৃত্যু, বিবাহ, বিশুদ্ধ পানি ও পয়ঃনিষ্কাশন, শিক্ষা, স্বাস্থ্য, পরিবার পরিকল্পনা, পুষ্টি ইত্যাদি পরিসংখ্যা সংগ্রহ করা।

উপজেলার পৌরসভা ও সকল ইউনিয়ন পরিষদের বাজেট সংগ্রহ করা।

প্রাকৃতিক দুর্যোগের কারণে উপজেলার বিভিন্ন ফসল ও সম্পদের ক্ষয়-ক্ষতির হিসাব নিরূপন করা।

প্রধান ফসলে (আউশ, আমন, বোরো, গম, পাট, আলু, ও ভুট্টা) ফসলের আয়তনের অগ্রিম পূর্বাভাস রিপোর্ট এবং

1. দেশের বিভিন্ন প্রয়োজনীয় তথ্য সম্বলিত মাসিক পরিসংখ্যান বুলেটিন, বার্ষিক পরিসংখ্যান পকেটবুক ও বর্ষগ্রন্থ প্রকাশ;
2. প্রতি দশ বৎসর অন্তর আদম শুমারি, কৃষি শুমারি এবং অর্থনৈতিক শুমারি পরিচালনা ও প্রতিবেদন প্রকাশ;
3. মোট দেশজ উৎপাদন (GDP) এবং প্রবৃদ্ধির হারসহ অন্যান্য সামাষ্টিক অর্থনৈতিক নির্দেশক (Indicators) যথা- সঞ্চয়, বিনিয়োগ, ভোগ, মাথাপিছু আয় ইত্যাদি নিরূপন ও প্রকাশ;
4. ভোক্তার দৈনন্দিন জীবনযাত্রায় ব্যবহৃত খাদ্য ও খাদ্য বহির্ভূত পণ্য অন্তর্ভুক্ত করে মাস ভিত্তিক ভোক্তা মূল্যসূচক (CPI) নিরূপন ও প্রকাশ;
5. বৈদেশিক বাণিজ্য পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;
6. বিভিন্ন পেশায় নিয়োজিত শ্রমিকদের মঞ্জুরী হার ও মঞ্জুরী সূচক প্রস্তুত ও প্রকাশ;
7. বিভিন্ন ফসলের উৎপাদন ও ফসলাধীন জমির পরিমাণ এবং ভূমি ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান প্রস্তুত ও প্রকাশ;

শিশুপুষ্টি এবং শিশুদের অবস্থা সম্পর্কিত তথ্য সংগ্রহ, সংকলন ও প্রকাশ;